

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৮

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - কিতাব ও সুন্নাহকে সুদৃঢ়ভাবে আঁকড়ে ধরা

باب الاعتصام بالكتاب والسنة \_ الفصل الثاني

### আরবী

وَعَنْ بِلَالِ بْنِ الْحَارِثِ الْمُزَنِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «من أَحْيَا سُنَّةً مِنْ سُنَّتِي قَدْ أُمِيتَتْ بَعْدِي فَإِنَّ لَهُ مِنَ الْأَجْرِ مِثْلَ أُجُورِ مَنْ عَمِلَ بِهَا مِنْ غَيْرِ أَنْ يَنْقُصَ مِنْ أُجُورِهِمْ شَيْئًا وَمَنِ ابْتَدَعَ بِدْعَةً ضَلَالَةً لَا يَرْضَاهَا اللَّهُ وَرَسُولُهُ كَانَ عَلَيْهِ مِنَ الْإِثْمِ مِثْلُ آثَامِ مَنْ عَمِلَ بِهَا لَا يَنْقُص من أوزارهم شَيْئًا» . رَوَاهُ التَّرْمِذِي

#### বাংলা

১৬৮-[২৯] বিলাল ইবনু হারিস আল মুযানী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি আমার কোন একটি সুন্নাতকে যিন্দা করেছে, যে সুন্নাত আমার পরে ছেড়ে দেয়া হয়েছিল, তার এত সাওয়াব হবে যত সাওয়াব এ সুন্নাত 'আমলকারীদের হবে, কিন্তু সুন্নাতের উপর 'আমলকারীদের সাওয়াবে কোন অংশ হ্রাস করা হবে না। আর যে ব্যক্তি গুমরাহীর নতুন (বিদ্'আত) পথ সৃষ্টি করবে, যাতে আল্লাহ ও তাঁর রসূল রাযী-খুশী নন, তার জন্য সে সকল লোকের গুনাহ চাপিয়ে দেয়া হবে, যারা তার সাথে 'আমল করবে, অথচ তাদের গুনাহের কোন অংশ হ্রাস করবে না। (তিরমিয়ী)[1]

# ফুটনোট

[1] খুবই দুর্বল: তিরমিয়ী ২৬৭৭, ইবনু মাজাহ্ ২১০, য'ঈফুত্ তারগীব ৪২। হাদীসের শব্দগুলো ইবনু মাজাতে। হাদীসের হুকুম বা মান সম্পর্কে ইমাম তিরমিয়ী বলেছেন, এটি একটি হাসান স্তরের হাদীস। কিন্তু তার এ হুকুমিটি প্রত্যাখ্যাত বা ভুল। কারণ হাদীসটির সানাদে "কাসীর ইবনু 'আবদুল্লাহ ইবনু 'আমর" নামক একজন মিথ্যুক রাবী রয়েছেন। যার সম্পর্কে ইমাম শাফি'ঈ ও আবূ দাউদ (রহঃ) বলেছেনঃ সে মিথ্যার একটি রুকন বা স্তম্ভ। ইবনু হিববানও অনুরূপ বলেছেন।

## ব্যাখ্যা



ব্যাখ্যা: এ হাদীসে সুন্নাহ্ বলা হয়েছে ঐ সকল দীনী বিধানাবলীকে যেগুলো রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রবর্তন করেছেন। ঐগুলোর মধ্যে কিছু ফর্য হিসেবে আছে যেমনঃ যাকাতুল ফিতর। আর কিছু আছে যা ফর্য নয়। যেমনঃ দু' ঈদের সালাত (সালাত/নামায/নামাজ)। এখানে সুন্নাহকে জীবিত করার অর্থ হচ্ছেঃ ঐগুলোর উপর 'আমল করা এবং মানুষকে 'আমলের জন্য উদুদ্ধ করা যেগুলোর 'আমল ছেড়ে দেয়া হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন